PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–103

(সাহিত্যতত্ত্ব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। পোয়েটিক্স-এর দুজন ইংরেজি অনুবাদকের নাম লেখো। ট্র্যাজেডিতত্ত্বে 'ক্যাথারসিস'-এর গুরুত্ব উল্লেখ করো। ট্র্যাজেডিতে চরিত্রের গুরুত্ব বিষয়ে অ্যারিষ্টটলের বক্তব্য আলোচনা করো। ২+৪+৮=১৪

২। 'কাব্যিক সত্য' (Poetic truth) বলতে অ্যারিষ্টটল কী বুঝিয়েছেন? ''ভাষা সম্পর্কে সচেতনতা এবং সতর্কতা 'পোয়েটিক্স'-এর একটি বড় অংশ।'' বিষয়টি আলোচনা করো। মহাকাব্যের উপাদান ও বৈশিষ্ট্য বিষয়ে অ্যারিষ্টটলের বক্তব্য লিপিবদ্ধ করো। ২+৪+৮=১৪

খ—গুচ্ছ

৩। 'নাট্যশাস্ত্র'-এর রচয়িতা কে? বইটিতে মোট কয়টি অধ্যায় আছে? কাব্যাত্মা-বিষয়ক তাঁর সূত্রটির উল্লেখ করো। আনন্দবর্ধনের অনুসরণে এই সূত্রটি বিশ্লেষণ করো। ১+১+৩+৯=১৪

৪। নিম্নলিখিত যে কোনো **দুটি** বিষয়ে আলোচনা করো : ৭×২=১৪

(ক) 'শব্দার্থৌ সহিতৌ কাব্যম্'

(খ) 'কাব্যম্ গ্রাহ্যম্ অলংকারাৎ'

(গ) কুন্তক, ক্ষেমেন্দ্র

(ঘ) ধ্বনির প্রকারভেদ

গ—গুচ্ছ

৫। রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্ব-বিষয়ক দুটি প্রবন্ধের নাম লেখো। রবীন্দ্রনাথ বলেছেন ''সাহিত্য ললিতকলার কাজই হচ্ছে প্রকাশ।'' এই মন্তব্য অনুসরণে রবীন্দ্র প্রকাশভাবনার বিস্তারিত আলোচনা করো। ২+১২=১৪

৬। 'সাহিত্যের পথে' গ্রন্থটির প্রকাশকাল কত? ''বলতুম, সুন্দর আনন্দ দেয়। তাই সাহিত্যে সুন্দরকে নিয়ে কারবার। বস্তুত বলা চাই, যা আনন্দ দেয় তাকেই মন সুন্দর বলে, আর সেটাই সাহিত্যের সামগ্রী।'' পাঠ্যতালিকাভুক্ত প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। রোম্যান্টিসিজমের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। ক্লাসিসিজমের সাথে রোম্যান্টিসিজমের পার্থক্য নিরূপণ করো।

৮+৬=১৪

৮। বাস্তববাদের সঙ্গে সংশ্লিষ্ট দুইজন সাহিত্যিকের নাম লেখো। ''দ্রষ্টা যেমনভাবে এবং যেভাবে দেখেন, তাঁর সেই পর্যবেক্ষণের নিরিখেই বাস্তবতা বোধের নির্মাণ ঘটে।'' বিষয়টি বিশ্লেষণ করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। *A Vindication of the Rights of Women* বইটির লেখক কে? পিতৃতন্ত্রের মূল দুটো বৈশিষ্ট্য কী কী? *The Second Sex* বইটি কবে প্রকাশিত হয়? ''পিতৃতান্ত্রিকতার দাপটকে অস্বীকার করে নারীর একান্ত নিজস্ব সংস্কৃতি-ইতিহাস গড়ে তুলতে চায় নারীচেতনাবাদ।'' পর্যালোচনা করো। ১+২+১+১০=১৪

১০। সাহিত্যে আধুনিকতার দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো। ধ্রুপদী আধুনিকতা বলতে কোন্ পর্বটিকে চিহ্নিত করা হয়? ''ঐতিহ্যের চিরায়তনের বিরোধিতায় আধুনিকতা নিজস্ব অস্তিত্বের আশ্রয়কেই অস্বীকার করে।'' আধুনিকতার বিশ্লেষণে এই মন্তব্য কতটা গ্রাহ্য, আলোচনা করো। ২+২+১০=১৪

★★★